আলমডাঙ্গায় কোটি টাকা নিয়ে লাপাত্তা কাঁচামাল ব্যবসায়ী মিজানুর

আলমডাঙ্গায় মিজানুর রহমান নামের এক কাঁচামাল ব্যবসায়ীর বিরুদ্ধে কোটি টাকা নিয়ে মালয়েশিয়ায় পাড়ি জমিয়েছে বলে অভিযোগ উঠেছে। তিনি ব্যবসায়ীক সূত্রে বিভিন্ন এনজিও ও ব্যক্তির নিকট থেকে এই টাকা নিয়েছিলেন। এ ঘটনায় সংবাদটি লেখাপর্যন্ত তাঁর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করার প্রস্তুতি চলছিল।

অভিযুক্ত কাঁচামাল ব্যবসায়ী পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে। তাঁর গ্রামের বাড়ি উপজেলার নাগদাহ ইউনিয়নের ভেদামারী গ্রামে। তাঁর পৌরসভার তহবাজার এলাকার শেডে কাঁচামালের ব্যবসা রয়েছে। সম্প্রতি মিজানুর রহমান তাঁর ব্যবসায়ীক দোকান বন্ধ করে এনজিও ও ব্যবসায়ীকদের নিকট থেকে কোটি টাকা নিয়ে বিদেশ যাওয়ায় এলাকাজুড়ে চাঞ্চল্যকর সৃষ্টি হয়েছে।

স্থানীয়রা জানান, ‘মিজানুরের সঙ্গে অনেকের ব্যবসায়িক সম্পর্ক রয়েছে। তিনি কাঁচামালের ব্যবসা বাবদ ১০-১২ জনের নিকট থেকে প্রায় ৫০ লাখ টাকা ধার নিয়েছেন। এছাড়া বিভিন্ন এনজিওর মাধ্যমেও অর্ধ কোটি টাকা নিয়েছে বলেও জানাগেছে। মিজানুর কোটির উর্ধে টাকা নিয়ে লাপাত্তা হওয়ায় এক এনজিও তাঁর দোকান দখলে নিয়েছে। ধার বাবদ টাকা নেওয়া অনেকে হতাশা হয়ে পড়েছে।

মিজানুর রহমান ব্যবসায়ী রব আলীর নিকট থেকে সাড়ে ৯ লাখ, তোতা মিয়ার নিকট থেকে সাড়ে ৬ লাখ, পিঁয়াজ ব্যবসায়ী নজরুল ইসলামের নিকট থেকে ২ লাখ ৫০ হাজার, আরেক ব্যবসায়ী নুহু ২ লাখ ৫০ হাজার, মহন সর্দ্দারের নিকট থেকে ২ লাখ, রবির নিকট থেকে ১ লাখ ৩০ হাজার, কাঁচামাল ব্যবসায়ী আজিজুল হকের নিকট থেকে ১ লাখ ৭০ হাজার, ময়দার মিল মালিক বাবুর নিকট ২ লাখ ৮০ হাজার। এছাড়া স্থানীয় আশার আলো সহ বিভিন্ন এনজিওর মাধ্যমে প্রায় অর্ধ কোটি টাকা লোন নিয়েছে বলে ভুক্তভোগীরা জানান।

আলমডাঙ্গায় রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে কম্বল বিতরণ

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির উদ্যোগে শীর্তাতদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গায় এ কম্বল বিতরণ করা হয়। আলমডাঙ্গার ডাকবাংলো চত্বরে শতাধিক মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন- রেড ক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম সান, সদস্য এনটিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এ্যাডভোকেট রফিকুল ইসলাম,সদস্য চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের, সদস্য হাবিবুল্লাহ জোয়ার্দ্দার ছটি,আজীবন সদস্য সিরাজুল ইসলাম,সদস্য মাহমুদুল কাউনাইনসহ আরও অনেকে।

আলমডাঙ্গায় দু’দিন ব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

আলমডাঙ্গায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে দুই দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান মেলা উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

‘বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবনে সমৃদ্ধি’এই প্রতিপাদ্যকে সামনে

রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বাস্তবায়নে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় আজ বুধবার সকাল ১১ টায় উপজেলা পরিষদ মঞ্চে মেলার উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এবারের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ মেলায় মোট ২৬ টি স্টল অংশগ্রহণ করে। মেলায় উপজেলার বিভিন্ন স্থান থেকে আগত স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা তাদের প্রকল্প, উদ্ভাবিত প্রযুক্তি, গবেষণা ও পণ্য প্রদর্শন করছেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন বলেন, ‘ দেশ মধ্যআয়ের মাধ্যমে স্মার্ট রুপে পরিণত হতে চলেছে। লেখাপড়ার পাশাপাশি সকল শিক্ষার্থীকে এখন গবেষণার জন্য পরিবেশ সৃষ্টি হয়েছে যা পূর্বে ছিল না। আমাদের প্রয়োজন গবেষকদের উৎসাহ ও প্রেরণা দেয়া।’

তিনি খুদে গবেষকদের উদ্দেশ করে বলেন, ‘আমাদের অনেক বিখ্যাত গবেষক প্রয়োজন এ দায়িত্ব তোমাদের হাতে রইল। তোমরাই পারবে আমাদের সংকল্পকে সার্থক করতে। এ দেশে অনেক অ-ব্যবহারিত সম্পদ রয়েছে। সেগুলো আগামিতে ব্যবহারের জন্য প্রযুক্তিগত যথাযথ আহরণ করে দেশের উন্নয়নে কাজে লাগাতে হবে।’

দু’দিন ব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন উপজেলা পরিষদের নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি, কৃষি কর্মকর্তা রেহানা পারভিন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টারের কর্মকর্তা সামীমা সুলতানা, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, থানার অফিসার ইনচার্জ ভারপ্রাপ্ত (ওসি) শেখ গণি মিয়া।

দর্শনায় দুই চাউল ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দর্শনায় দুই চাউল ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৪ জানুয়ারি) দুপুরে শহরের দর্শনা রেল বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এ জরিমানা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন দামুড়হুদা উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট রোকসানা মিতা।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, আজ দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভা এলাকায় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, অবৈধ মজুদদারি প্রতিরোধ, এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। এসময় পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করার কারণে পণ্যে পাটজাত মোড়ক বাধ্যতামুলক ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০১০ এর আওতায় দুইজন ব্যবসায়ীকে জরিমানা প্রদান করা হয়।

এ সময় চাউল ব্যবসায়ী বাশার আলী,আব্দুর রহমানকে ,চাউলের দাম বেশি রাখায় ও প্লাষ্টিকের মোড়ানো বস্তায় রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে ১ হাজার টাকা করে দুই ২ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। এ অভিযানে অংশ নেয় দর্শনা থানার একটি চৌকস টিম।

জীবননগরে রাইস মিলের ফিতায় জড়িয়ে বৃদ্ধার মৃ*ত্যু

চুয়াডাঙ্গার জীবননগরে রাইস মিলের ফিতায় জড়িয়ে সুখীরন নেছা (৬২) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ৭টার দিকে জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের নিকেরীপাড়ায় এই বিপত্তি ঘটে।

নিহত সুখীরন নেছা (৬২) কেডিকে ইউনিয়নের কাশিপুর গ্রামের উত্তর পাড়ার মৃত আব্দুল মজিদের স্ত্রী।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি এস.এম জাবীদ হাসান।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সুখীরণ প্রচন্ড শীতকে উপেক্ষা করে সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার দেহাটি গ্রামের নিকেরী পাড়ায় শিমুলের ভাই ভাই রাইস মিলে কলাইয়ের ডালের বড়ি ভাঙ্গাতে যান।

এসময় অসাবধানতাবশত গায়ের চাদর চলন্ত মেশিনের ফিতায় জড়িয়ে যায়। বিদ্যুৎ চালিত চলন্ত মেশিনের ফিতায় জড়িয়ে পড়েন তিনিও। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস.এম জাবীদ হাসান জানান,খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ ফোর্স পাঠানো হয়েছে। মরাদেহের সুরহাতাল করা হয়েছে। ওই বৃদ্ধার ছেলে থানায় এসে একটি অপমৃত্যুর মামলা করে গেছে।

জীবননগরে নদীর মাটি কেটে বিক্রয়; ২জনকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অবৈধভাবে ভৈরব নদীর মাটি উত্তোলন ও কেটে বিক্রি করার অপরাধে দুইজনকে ১লক্ষ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

আজ বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার মনোহরপুর ইউনিয়নের পেয়ারতলা গ্রামের বোয়ালমারী মাঠে অভিযান পরিচালনা করে এ জরিমানা আদায় করা হয়।

জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথী মিত্র এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, বুধবার দুপুর সাড়ে ১২টার

দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার পেয়ারতলা গ্রামের বোয়ালমারী মাঠে অভিযান পরিচালনা করে অবৈধভাবে ভৈরব নদীর মাটি কেটে ও উত্তোলন করে ইট ভাটায় বিক্রি করার সত্যতা পান। অবৈধভাবে ভৈরব নদীর মাটি উত্তোলন ও কাটা এবং ইট ভাটায় বিক্রি করায় জমির মালিক মো.জসীম উদ্দিনকে ৫০ হাজার টাকা, ট্র্যাক্টরের মালিক মনোহরপুর গ্রামের রবিউল ইসলামের ছেলে বাবলুর রহমানকে একই ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

বালুমহল ও মাটি ব্যবস্থাপনা আইন মোতাবেক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দুইজনকে সর্বমোট ১০০,০০০/= এক লক্ষ টাকা জরিমানা আদায় করেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র বলেন, অবৈধভাবে ভৈরদ নদী থেকে মাটি কাটা,উত্তোলন ও বিক্রিসহ বিভিন্ন অনিয়ম পরিলক্ষিত হওয়ায় বালুমহল ও বালু ব্যবস্থাপনা আইনে ২জকে সর্বমোট ১লক্ষ টাকা অর্থদণ্ড প্রদান করে আদায় করা হয়।কৃষি জমি রক্ষায় ভ্রাম্যমাণ আদালতের এ অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গায় বইছে শৈত্যপ্রবাহ, আরো কমবে তাপমাত্রা

গুঁড়ি গুঁড়ি বৃষ্টি আর মাঘের শীতে কাঁপছে চুয়াডাঙ্গা। আজ বুধবার (২৪ জানুয়ারি) সকালে জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। একইসঙ্গে বইছে মৃদু শৈত্যপ্রবাহ। এর আগে, গতকাল মঙ্গলবার (২৩ জানুয়ারি) জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। তবে আরো কমতে পারে তাপমাত্রা।

কুয়াশাচ্ছন্ন পরিবেশে সকাল ৯টার দিকে কোনো রকম সূর্যের দেখা মিললেও তাতে নেই তাপ। দুপুরের পর গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হয়েছে ফলে উত্তরের হিমেল হাওয়ায় শীতের তীব্রতা বাড়িয়েছে বহুগুন। হাড় কাঁপানো এই শীতে হাসপাতালগুলোতে বাড়ছে ঠান্ডাজনিত রোগীর

সংখ্যা। যাদের অধিকাংশই শিশু ও বৃদ্ধ।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের সিনিয়র পর্যবেক্ষক রাকিবুল হাসান জানান, বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) থেকে তাপমাত্রা আবার কমে আসবে। ওদিন রাতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তীব্র শীতে চুয়াডাঙ্গায় গত দুইদিন প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে এর উল্টো চিত্র বেসরকারি বিদ্যালয়গুলোতে। আগের নিয়মেই চলছে এসব প্রতিষ্ঠান। তবে শিক্ষার্থী উপস্থিতি একেবারেই নেই।

জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান জানান, উপপরিচালক ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে সমন্বয়ে স্কুল বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। তাপমাত্রা কম থাকলে বৃহস্পতিবারও বন্ধ থাকবে জেলার ১৮০টি মাধ্যমিক বিদ্যালয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান জানান, গত দুইদিন জেলার সব প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। তাপমাত্রা কম থাকায় এমনিতেই স্কুলে শিক্ষার্থী উপস্থিতির হার খুবই কম।

দর্শনা পৌরবাসির পক্ষ থেকে ৪র্থ বারের মত এমপি নির্বাচিত হওয়ায় গণসংবর্ধনা

৪র্থ বারের মত নির্বাচিত সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার (টগর) এমপিকে দর্শনা পৌরবাসীর পক্ষ থেকে গণ-সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দর্শনা কলেজ মাঠে দর্শনা পৌরসভার আয়োজনে এ গণ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে ও দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক ও নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের উপস্থাপনায় বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি

চুয়াডাঙ্গা-২ আসনের ৪ বারের নির্বাচিত সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় তিনি বলেন,প্রিয় দর্শনাবাসি আমাকে ৪র্থ বারের মত এমপি নির্বাচিত করায় দর্শনা বাসির কাছে চিরঝনী হয়ে থাকবো।তাই আমি দর্শনা বাসির কথা কোন দিন ভুলবো না।দর্শনা উন্নয়নের জন্য যা যা করার দরকার আমি আপনাদের সাথে নিয়ে উন্নয়ন করবো।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ সহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এসএএম জাকারিয়া আলম, দর্শনা পৌর ১নং ওযার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীন নফর, কাউন্সিলর সাবির হোসেন মিকা।

এছাড়া বিশেষ অতিথি হিসসাবে উপস্থিত ছিলেন, কেরুজ অবসরপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোঃ শাহাব উদ্দিন, দর্শনা পৌর কাউন্সিলর ও প্যানেল মেয়র রবিউল হক সুমন, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সমাজ সেবক হাজী আকমত আলী, দর্শনা পৌর ২নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, আওয়ামী লীগ নেতা আব্দুুল জলিল, প্রমুখ।

গণ সংবর্ধনায় ফুলেল শুভেচ্ছা জানান, দর্শনা পৌর মেয়র, পৌরসভা, আওয়ামীলীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগ, দোকান মালিক সমিতি, গণউন্নয়ন গ্রন্থাগার, ওয়েভ ফাউন্ডেশন, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, দর্শনা পৌর শাখার প্রাথমিক বিদ্যালয় নের্তৃবৃন্দ, রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, মোটরশ্রমিক ইউনিযয়ন, দর্শনা পৌর প্রবীন কমিটি, দর্শনা নাগরিক কমিটি, দর্শনা পৌর ৩নং ওয়ার্ডবাসি, রেলশ্রমিক ইউনিয়ন নের্কৃবৃন্দ, দর্শনা সনাতন ধর্ম নের্তৃবৃন্দ, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগ, ৮নং ওয়ার্ড মহিলা, ২নং ওয়ার্ডবাসী, ২নং ওয়ার্ড আওয়ামী লীগ, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সিএন্ডএফ এ্যাসোসিয়েশন, চুয়াডাঙ্গা জেলা বাসট্রাক, মিনিবাস, মাইক্রোবাস দর্শনা থানা শাখা।

এছাড়া দর্শনা পৌরসভা, দর্শনা পৌর আওয়ামীলীগ, যুবলীগ, পৌর ও কলেজ ছাত্রলীগ, প্রবীণ কমিটি, রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যাবসায়ী, পেশাজীবী সংগঠন ও সুধি সমাজ।

দামুড়হুদায় দুই দিনব্যাপী বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

দামুড়হুদায় দুই দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

এসময় এমপি টগর বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সুযোগ্য সন্তান সজীব ওয়াজেদ জয়ের চিন্তার ফলে তথ্যপ্রযুক্তির উন্নয়ন হচ্ছে। বিজ্ঞান ছাড়া দেশ এগিয়ে যেতে পারে না। বর্তমান সরকার বিজ্ঞান প্রযুক্তিকে যেভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে তাতে ছেলে-মেয়েদের ছোটবেলা থেকে ধারণাটাই পাল্টে যাচ্ছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে দামুড়হুদা উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী ৪৫তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন ও বিজ্ঞান মেলা, ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড, এবং ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর। এসময় সংসদ সদস্য মহোদয় মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং শিক্ষার্থীদেরকে বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা।

সমবায় অফিসার হারুন অর রশিদের সঞ্চচালয়নায় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা

ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ দামুড়হুদা উপজেলা সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

দর্শনার ছয়ঘরিয়ায় বিষপানে ব্যবসায়ীর মৃ*ত্যু

দর্শনার ছয়ঘরিয়ায় ঝনের বোঝা সইতে না পেরে এক ব্যবসায়ী শফিউদ্দিন ঝন্টু (৪৮),ঘাস মারা বিষপান করে আত্নহত্যা করেছে। সে দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মৃত্য আব্দুর রহমানের ছেলে।

জানাগেছে গত ২১ জানুয়ারি রাত ১০ টার দিকে বাড়িতে থাকা ঘাস মারা বিষপান করে। আশেপাশের লোকজন তাকে চুয়াডাঙ্গা হাসপাতালে নিয়ে যান। হাসপাতালের চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন।

রাজশাহী মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ সোমবার দুপুর আড়াইটার দিকে মারা যায়।
পারিবারিক সুত্রে জানাযায়, তিনি পেশায় একজন ভুসি মালের ব্যবসায়ী এরই সূত্র ধরে বিভিন্ন এনজিও হতে লোনসহ অন্যান্য স্থানে দেনাদায়ে জর্জরিত হয়ে মানসিক টেনশনে বিষ পান করে আত্মহত্যা করছে। গতকালই তার লাশ গ্রামের কোবরস্থানে দাফন সম্পর্ন হয়েছে।